

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৬.৩৮৬—গত ৩০ নভেম্বর ২০১৮ তারিখে মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে শুরু হওয়া সিরিজ নির্ধারণী দ্বিতীয় টেস্ট ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সুস্পষ্ট আধিপত্য বজায় রেখে সফরকারী ওয়েন্স্ট ইন্ডিজ ক্রিকেট দলকে ইনিংস ও ১৮৪ রানে হারিয়ে ২-০ ব্যবধানে সিরিজ জয় করে। ইনিংস ব্যবধানে এই প্রথম কোনো টেস্ট ম্যাচ জিতল বাংলাদেশ।

২। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করে মন্ত্রিসভার ১৯ অগ্রহায়ণ ১৪২৫/০৩ ডিসেম্বর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৮২৮৩)
মূল্য : টাকা ৪০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৯ অগ্রহায়ণ ১৪২৫

ঢাকা: -----

০৩ ডিসেম্বর ২০১৮

গত ৩০ নভেম্বর ২০১৮ তারিখে মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে শুরু হওয়া সিরিজ নির্ধারণী দ্বিতীয় টেস্ট ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সুস্পষ্ট আধিপত্য বজায় রেখে সফরকারী ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলকে ইনিংস ও ১৮৪ রানে হারিয়ে ২-০ ব্যবধানে সিরিজ জয় করে। ইনিংস ব্যবধানে এই প্রথম কোনো টেস্ট ম্যাচ জিতল বাংলাদেশ। উল্লেখ্য, সিরিজের প্রথম ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল ৬৪ রানে জয়লাভ করেছিল।

দেশের মাটিতে এ গৌরবোজ্জ্বল টেস্ট সিরিজ জয় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে আরও এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছে।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃদায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.